

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৯

১/ পবিত্রতা (ﷺ আ رسول الله)
পরিচ্ছেদঃ সমুদ্রের পানি পাক।

باب مَا جَاءَ فِي مَاءِ الْبَحْرِ أَنَّهُ طَهُورٌ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ، ح وَحَدَّثَنَا الأَنْصَارِيُّ، إِسْحَاقُ بْنُ مُوسَى حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنْ صَغْوَانَ بْنِ سُلَيْمٍ، عَنْ سَعِيد بْنِ سَلَمَةَ، مِنْ آلِ ابْنِ الأَزْرَقِ أَنَّ الْمُغِيرَةَ بْنَ مَالِكٌ، عَنْ صَغْوَالَ بَنِي عَبْدِ الدَّارِ أَخْبَرَهُ أَنَّهُ، سَمِعَ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ سَأَلَ رَجُلُ رَسُولَ أَبِي بُرْدَةَ، وَهُوَ مِنْ بَنِي عَبْدِ الدَّارِ أَخْبَرَهُ أَنَّهُ، سَمِعَ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ سَأَلَ رَجُلُ رَسُولَ اللَّهِ صلى الله عليه الله عليه الله عليه الْمَاءِ فَإِنْ تَوَضَّأَنٰا بِهِ عَطِشْنَا أَفْنَتَوَضَّأُ مِنْ مَاءِ الْبَحْرِ فَقَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " هُوَ الطَّهُورُ مَاؤُهُ الْحِلُّ مَيْتَتُهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَالْفِرَاسِيّ . قَالَ أَبُو وسلم " هُوَ الطَّهُورُ مَاؤُهُ الْحِلُّ مَيْتَتُهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَالْفِرَاسِيّ . قَالَ أَبُو وسلم " هُوَ الطَّهُورُ مَاؤُهُ الْحِلُّ مَيْتَتُهُ " . قَالَ أَكْثَرِ الْفُقَهَاءِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَابْنُ عَبَّاسٍ لَمْ يَرَوْا بَأْسًا بِمَاءِ الْبَحْرِ . وَقَدْ كَرِهَ بَعْضُ عَلَى الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَابْنُ عَبَّاسٍ لَمْ يَرَوْا بَأْسًا بِمَاءِ الْبَحْرِ مِنْهُمُ ابْنُ عُمَرَ وَعَبُدُ اللّهِ بْنُ عَمْرٍ و هُو نَارٌ .

বাংলা

৬৯. কুতায়বা ও আল-আনসারী ইসহাক ইবনু মূসা (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, জনৈক ব্যক্তি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে প্রশ্ন করলেন হে আল্লাহর রাসূল, অনেক সময় আমাদের সমুদ্র সফর করতে হয়। তখন সামান্য পানি আমরা আমদের সাথে নিয়ে যাই। যদি সে পানিতে উয় (ওজু/অজু/অযু) করতে যাই তবে আমাদের পিপাসার্ত থাকতে হয়। সুতরাং আমরা কি সমুদ্রের পানি দিয়ে উয় (ওজু/অজু/অযু) করতে পারি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন এর পানি পাক এবং এর মুর্দা (সামুদ্রিক মাছ) হালাল। - ইবনু মাজাহ ৩৮৬-৩৮৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ও আল-ফিরাসী রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ এই হাদিসটি হাসান ও সহীহ। অধিকাংশ ফকীহ সাহাবীর মত এ-ই। এদের মধ্যে রয়েছেন আবূ বকর,



উমর ও ইবনু আব্বাস (রাঃ) তাঁরা সমুদ্রের পানি ব্যবহারে কোন দোষ আছে বলে মনে করেন না। সাহাবীগণের কেউ কেউ সমুদ্রের পানি দিয়ে উযূ (ওজু/অজু/অযু) করা মাকরূহ বলে মনে করেন। তাঁদের মধ্যে রয়েছেন ইবনু উমর ও আবৃদল্লাহ ইবনু আমর (রাঃ) আবদুল্লাহ ইবনু আমর বলেনঃ এ তো আগুন।

English

Abu Hurairah narrated:

"A man asked Allah's Messenger 'O Messenger of Allah! We sail the seas, and we only carry a little water with us. If we use it for Wudu then we will go thirsty. So shall we perform Wudu from the (water of the) sea?' Allah's Messenger said: 'Its water is pure, and its dead are lawful.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন